

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/ ০৯

২৮ জানুয়ারি, ২০২৫

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ৩১/০১/২০২৫ইং তারিখের মধ্যে CBMS সফটওয়্যারে রেজিস্ট্রেশন বা Onboard হওয়ার কার্যক্রম সম্পাদন করা প্রসঙ্গে।


আপনারা জানেন, জাতীয় রাজস্ব বোর্ড হতে আগামী ৩১/০১/২০২৫ইং তারিখের মধ্যে CBMS সফটওয়্যারে রেজিস্ট্রেশন বা Onboard হওয়ার বাধ্যবাধকতা প্রদান করা হয়েছে। যে সকল প্রতিষ্ঠান উক্ত সময়ের মধ্যে অনবোর্ড হতে পারবে না তাদের ইউপি/ইউডি সেবা না দেয়া এবং জেনারেল বন্ড অকার্যকর করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

CBMS সফটওয়্যারে আগামী ৩১/০১/২০২৫ইং তারিখের মধ্যে Onboard হওয়ার কার্যক্রম সম্পাদনের জন্য আপনাদেরকে একাধিক সার্কুলারের মাধ্যমে জানানো হয়েছে এবং জাতীয় রাজস্ব বোর্ড ও সফটওয়্যার প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে বিজিএমইএ ভবনে Help Desk এর মাধ্যমে সেবা প্রদান করা হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত অধিক সংখ্যক সদস্য প্রতিষ্ঠান অনবোর্ড হতে সক্ষম হয়নি।

উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ড হতে অনবোর্ড হওয়ার জন্য সময় বৃদ্ধি করা হবে না মর্মে জানানো হয়েছে। আমদানি-রপ্তানি কার্যক্রম চলমান রাখার স্বার্থে আগামী ৩১/০১/২০২৫ইং তারিখের মধ্যে CBMS সফটওয়্যারে Onboard হওয়ার কার্য সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে,



মোঃ আনোয়ার হোসেন
প্রশাসক

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

- ১। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। একান্ত সচিব, ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, কারওয়ান বাজার, ঢাকা।
- ৩। একান্ত সচিব, সদস্য (কাস্টমস:রপ্তানি বন্ড ও আইটি) জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।